The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 842 | 01 November 2024 | শুক্রবার ১৬ কার্তিক ১৪৩১



The electorate vote is changing what means for Trump and Harris >> Page 18

People will decide whether AL should have political rights: Asif Nazrul >> Page 19





Don't rush into serious decisions : Tarek Rahman >> Page 19

The electorate vote is changing what means for Trump and Harris >> Page 18



## মঙ্গলবার যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন

# শেষ হাসি কমলা না ট্রাম্পের?

হাসান মাহমুদ

প্রেসিডেন্ট নির্বাচনে প্রচারণার শেষ মুহূর্তে ডেমোক্র্যাটিক পার্টির কমালা হ্যারিস এবং রিপাবলিকান পার্টির প্রার্থী সাবেক প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প একে অন্যের বিরুদ্ধে মিডিয়ার মাধ্যমে সাঁড়াশি আক্রমণ এবং পাল্টা আক্রমণ করে চলেছেন। কমালা হ্যারিস ট্রাম্পকে বলেছেন 'ফ্যাসিস্ট'। পাল্টা জবাবে টাম্প তাঁকে বলেছেন 'স্টুপিড'।



জরিপে পেনসিলভ্যানিয়াতে ব্যবধান সামান্য

ইলেক্টোরাল ভোটের ওপর নির্ভর করছে হোয়াইট হাউজের চাবি



আগামী ৫ নভেম্বর মঙ্গলবার সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত টানা ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। আগাম ভোট দেয়া যাবে আগামী ৩ নভেম্বর রোববার পর্যন্ত। নির্বাচনে এবার হাড্ডাহাড্ডি লড়াই হবে তা নিয়ে বিশ্লেষকগণ মত দিয়েছেন। দুই প্রার্থীর পক্ষেই তাদের সমর্থকরা এখন মাঠে রয়েছেন। বাংলাদেশি কমিউনিটির ভোটাররা তাদের পছন্দের প্রার্থীর পক্ষে বিভিন্ন যুক্তি তুলে ধরছেন। গত কয়েকদিন ধরে বাংলাদেশি কমিউনিটিতে ট্রাম্পের কঠোর অভিবাসি নীতি সম্পর্কে পক্ষে বিপক্ষে বিতর্ক চলছে। দীর্ঘদিন ধরে যুক্তরাষ্ট্রে আছেন কিন্তু বৈধ 'কাগজ' পাননি তাদের মধ্যে উদ্বেগ কাজ করছে বলে জানা যায়। বিজয়ি হলে কমালা হ্যারিস প্রেসিডেন্ট জো বাইডেনের মতোই দুর্বল এরপর ৩৮ পৃষ্ঠায়

বিশেষ কলাম

## শপথ হোক ঐক্যবদ্ধ সোসাইটি গড়ার



শাহ নেওয়াজ

যুক্তরাষ্ট্রে প্রবাসী বাংলাদেশিদের প্রাণপ্রিয় সংগঠন 'বাংলাদেশ সোসাইটি'। ৫ লাখ প্রবাসীর কল্যাণে সংগঠনটি কাজ করে আসছে গত ৪৮ বছর ধরে। প্রতি দু'বছর পরপর গণতান্ত্রিকভাবে নির্বাচনের মধ্যদিয়ে নতুন নেতৃত্ব আসে। কমিউনিটির মানুষ মেতে উঠে নির্বাচনী উৎসবে। নির্বাচনকে কেন্দ্র করে প্রার্থীরা পরস্পর বিরোধী অবস্থান নিলেও দিন শেষে আমরা আমরাই। কমিউনিটিতে সুখে-দুঃখে একসাথেই আছি। ভবিষতেও থাকবো। সোসাইটির নির্বাচনে আমরা ভিন্ন বিস্তারিত ০৫ পৃষ্ঠায়

## ৪ বার দেওয়া যাবে বিসিএস পরীক্ষা

আজকাল রিপোর্ট

একজন চাকরিপ্রার্থী ব্যক্তি সর্বোচ্চ ৪ বার বাংলাদেশ সিভিল সার্ভিস (বিসিএস) পরীক্ষায় অংশ নিতে পারবেন বলে সিদ্ধান্ত নিয়েছে সরকার।বৃহস্পতিবার (৩১ অক্টোবর) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে এরপর ৩৭

# সেলিম-আলী পরিষদের নিরঙ্কুশ বিজয়



আজকাল রিপোর্ট

বাংলাদেশ সোসাইটি অব নিউইয়র্কের নির্বাচনে ঐতিহাসিক বিজয় লাভ করেছে সেলিম-আলী প্যানেল। যুক্তরাষ্ট্রে প্রবাসী বাংলাদেশিদের মাদার সংগঠন বাংলাদেশ সোসাইটির ১৮ হাজার ভোটারের মধ্যে প্রায় ১০ হাজার ভোটার ভোটাধিকার প্রয়োগ করেন। এই নির্বাচন নিয়ে কমিউনিটির ছিল ব্যাপক আগ্রহ ও উত্তেজনা। দুটি প্যানেল সরাসরি এ নির্বাচননে অংশ নেয়। প্রচার ও প্রকাশনা সম্পাদক পদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন রিজু মোহাম্মদ। অবশিষ্ট ১৮ পদের সবগুলোতেই সেলিম-আলী প্যানেলের প্রার্থীরা ৭শত থেকে দেড় হাজার ভোটের ব্যবধানে বিজয়ী হয়েছেন। নির্বাচিত ও পরাজিত কর্মকর্তাদের নাম ও ভোটের তথ্য এখানে তুলে ধরা হলে। সভাপতি– আতাউর রহমান সেলিম (৫,২৮৯), নিকটতম প্রতিদ্বন্দ্বি রুহুল আমিন সিদ্দিকী (৩,৮২০), সিনিয়র এরপর ২৬ পৃষ্ঠায়



## রোববার এক ঘণ্টা পেছাচ্ছে ঘড়ির কাঁটা

আজকাল রিপোর্ট

দিনের আলোকে আরো বেশি কাজ লাগাতে আগামী ৩ নভেম্বর দিবাগত রাতে মার্কিন মুলুকের সময়ের হিসাব এক ঘণ্টা এরপর ৩৭ পৃষ্ঠায়

বাংলাদেশ নিয়ে ট্রাম্পের মন্তব্য

## সংখ্যালঘুদের ওপর নির্যাতন চলছে

আজকাল রিপোর্ট



বাংলাদেশে হিন্দু, খ্রিষ্টান ও অন্যান্য সংখ্যালঘুদের ওপর হামলা ও সহিংসতা চলছে উল্লেখ করে তীব্র নিন্দা জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট প্রার্থী ডনাল্ড ট্রাম্প। তিনি বলেন, বর্তমানে বাংলাদেশে পুরোপুরি বিশৃঙ্খল এক পরিস্থিতি বিরাজ করছে বলেও উল্লেখ করেছেন তিনি। গতকাল বৃহস্পতিবার এক্সে দেওয়া এক পোস্টে এসব কথা বলেছেন সাবেক প্রেসিডেন্ট ও রিপাবলিকান এরপর ৩৭ পৃষ্ঠায়

## দেখা অদেখায় সোসাইটির নির্বাচন

আজকাল রিপোর্ট

বাংলাদেশ সোসাইটির নির্বাচন অনুষ্ঠিত হলো রোববার ২৭ অক্টোবর। ১৯৭৫ সালে প্রতিষ্ঠিত বাংলাদেশ সোসাইটির এবারের নির্বাচনে ভোটার ছিলো সংখ্যা ছিলো ১৮ হাজার ৬১৩ জন। নানা ঘটনা ও রটনায় আলোচনায় ছিল এ নির্বাচন। ৩০৭ জন ভোটারকে নিয়ম বর্হিভূতভাবে বাদ দেয়র অভিযোগ ছিল সেলিম-আলী পরিষদের। এরপর ৩৮ পৃষ্ঠায়

# সায়েমা ওয়াজেদ পুতুল সাইডলাইনে

আজকাল ডেস্ক




বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের আঞ্চলিক পরিচালক সায়েমা ওয়াজেদ বর্তমানে 'নিষ্ক্রিয়' থাকায় তাকে ছাড়াই সরকার ডব্লিউএইচওর সাথে সরাসরি কাজ করার জন্য সংস্থাটির কাছে চিঠি পাঠিয়েছে। বুধবার সন্ধ্যায় ফরেন সার্ভিস একাডেমিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে প্রধান উপদেষ্টার উপ-প্রেস সচিব অপূর্ব জাহাঙ্গীর বলেন, 'ডব্লিউএইচও আঞ্চলিক পরিচালক সায়েমা ওয়াজেদ পুতুল বর্তমানে অকার্যকর। এছাড়া তিনি পতিত স্বৈরাচার সরকারের পরিবারের সদস্য, পাশাপাশি একাধিক ফৌজদারি মামলা এবং আর্থিক অপরাধে অভিযুক্ত থাকায় আমরা এই সরকার চিঠি পাঠিয়েছে।' তিনি বলেন, বাংলাদেশ সরকার চিঠির মাধ্যমে ডব্লিউএইচও-কে জানিয়েছে বাংলাদেশ যেন সায়েমা ওয়াজেদের মাধ্যম ছাড়াই সরাসরি সংস্থাটির সাথে যোগাযোগ করতে পারে এবং এ বিষয়ে ডব্লিউএইচও-কে জরুরি পদক্ষেপ নেওয়ার এরপর ৩৮ পৃষ্ঠায়

MHC MARKS HOME CARE
'মার্কস্ হোম কেয়ার'-এর বিজ্ঞাপন দেখুন ২ ও ৬৩ পৃষ্ঠায়
সঠিক হোম কেয়ারের সেবা পেতে ফোন করুন-718 697 7717

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312033

ASYLUM CENTER / STOP DEPORTATION
এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections ▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42. 72nd St. Suite#1D. Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্ম, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
RAJIB AHMED, President & CEO
32-47 57TH STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

MHC

# Marks Home Care

## মার্কস্ হোম কেয়ার

আমরা নূতন গ্রাহক এবং
এজেন্সী ট্রান্সফার সাদরে গ্রহণ করছি।

**We Welcome Agency Transfers and New Clients.**



- ✔ প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
- ✔ প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা প্রদান করে প্রতি সপ্তাহে আকর্ষণীয় আয়ের নিশ্চয়তা

বিস্তারিত জানতে কল করুন

**718-734-8777**

E-mail : info@markshhc.com | www.markshhc.com

**Bronx**

1232 Virginia Ave
Bronx, NY 10472

1514 Castle Hill Ave
Bronx, NY 10462

2002 Mcgraw Ave
Bronx, NY 10462

721 E Tremont Ave
Bronx, NY 10457

**Brooklyn**

219 Church Ave
Brooklyn, NY 11218

1208 Liberty Ave
Brooklyn, NY 11208

1122 Coney Island Ave
Suite 220 (2nd Fl.)
Brooklyn, NY 11230

1104 Liberty Ave
Brooklyn, NY 11208

6910 5th Ave (2nd Fl.)
Brooklyn NY 11209

1061 Flatbush Ave
Brooklyn NY 11226

**Hicksville**

217 Bethpage Road
Hicksville, NY 11801

**Binghamton**

61 Washington Ave
Endicott, NY 13760

**Queens**

40-04 Junction Blvd
Corona, NY 11368

37-20 74th Street
Jackson Heights, NY 11372

148-37 Hillside Ave
Jamaica, NY 11435

**Rochester**

504 W Main St
Rochester, NY 14608

**Manhattan**

1791 Lexington Ave
New York, NY 10029

1267 St Nicholas Ave
New York, NY 10033

**Buffalo**

1049 Broadway St. Suite # 4
Buffalo, NY 14212

96 Grant St.
Buffalo. NY 14213

* শেষ পৃষ্ঠার পূর্বের পৃষ্ঠায় আমাদের আরও বিজ্ঞাপন দেখুন। *

# কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক

Queens Social Adult Day Care Center Inc



Captain Mahfuzul Haque



## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চ্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমুদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak Spanish, Urdu, Hindi & Arabic



আমরা ৭ দিনই খোলা

*For details information please contact*

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

1217 Liberty Avenue, Brooklyn, NY 11208

# সংবিধান অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির আগাম অনুধাবন করতে পারে না

ব্যারিস্টার নাজির আহমদ

সংবিধান একটি জাতি ও রাষ্ট্রের গুরুত্বপূর্ণ দলিল। জনগণ ও রাজনীতিবিদের নৈতিক মান উচ্চ (moral high ground) থাকলে অলিখিত সংবিধান দিয়েও যে শত শত বছর রাষ্ট্র চমৎকারভাবে চলতে পারে তার একটি প্রকৃষ্ট উদাহরণ হচ্ছে যুক্তরাজ্য। যুক্তরাজ্যে লিখিত কোনো সংবিধান নেই। সেখানে দীর্ঘদিন ধরে চলে আসা প্রথা ও রীতি (Custom and Convention) সংবিংধানের গুরুত্বপূর্ণ অংশ। আর আমাদের বিস্তারিতভাবে লিখিত সংবিধান থাকার পরও জাতি সংবিধান নিয়ে বারবার হোঁচট খাচ্ছে। জাতীয় জীবনে নতুন নতুন অবস্থা ও পরিস্থিতির উদ্ভব হচ্ছে। ভাবা যায় যদি যুক্তরাজ্যের মতো আমাদের অলিখিত সংবিধান হতো তাহলে কী হতো!

তবে লিখিত সংবিধান হলেই যে সব পরিস্থিতি আগাম আঁচ করে সব লিখিত আকারে রেখে দেয়া যায় তা কিন্তু নয়। সংবিধান যত বড় ও ব্যাপক হোক না কেন তা যে একটি জাতির সব অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি ও অবস্থা আগাম অনুধাবন (contemplate) করতে পারে না বাংলাদেশ তার একটি প্রকৃষ্ট উদাহরণ। যেমন বাংলাদেশের সংবিধান অনুযায়ী রাষ্ট্রপতির অনুপস্থিতিতে স্পিকার রাষ্ট্রপতির দায়িত্ব পালন করবেন। সংবিধানের ৫৪ অনুচ্ছেদে বলা হয়েছে, দরাষ্ট্রপতির পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোনো কারণে রাষ্ট্রপতি দায়িত্ব পালনে অসমর্থ হইলে ক্ষেত্রমত রাষ্ট্রপতি নির্বাচিত না হওয়া পর্যন্ত কিংবা রাষ্ট্রপতি পুনরায় স্বীয় কার্যভার গ্রহণ না করা পর্যন্ত স্পিকার রাষ্ট্রপতির দায়িত্ব পালন করিবেন।"

কিন্তু স্পিকার যদি অনুপস্থিত থাকেন তখন কী হবে এ বিষয়ে সংবিধান সম্পূর্ণ নীরব (silent)।

স্পিকার না থাকলে ডেপুটি স্পিকার রাষ্ট্রপতির দায়িত্ব পালন করতে পারেন এমন কথাটিও আমাদের সংবিধানে নেই। অর্থাৎ যদি থাকতোও তারপরও বর্তমান অবস্থায় প্রাসঙ্গিক হতো না কেননা ডেপুটি স্পিকার এখন জেলে। বর্তমানে স্পিকার ও ডেপুটি স্পিকার দুজনই অনুপস্থিত। অর্থাৎ আমাদের জাতি এমন এক সন্ধিক্ষণে পৌঁছবে যখন স্পিকার অনুপস্থিত থাকবেন অথবা স্পিকার ও ডেপুটি স্পিকার দুজনই অনুপস্থিত থাকবেন এমন অবস্থা আমাদের সংবিধান আগাম আঁচ (contemplate) করতে পারেনি।

একটি hypothetical scenario বলি। যেমন, রাষ্ট্রপতি ও স্পিকার এক জায়গায় একসাথে জাতীয় প্রয়োজনে বা জরুরি কাজে হেলিকপ্টারে যাচ্ছেন। কিন্তু হঠাৎ হেলিকপ্টারটি দুর্ঘটনায় পড়ে বিধ্বস্ত হয়ে দুজনই মারা গেলেন। এই উদ্ভূত পরিস্থিতিতে কী করতে হবে এমন বিধান আমাদের সংবিধানে নেই। অর্থাৎ সংবিধান এই অবস্থাগুলো (circumstances) আগাম অনুধাবন করতে পারে নি।

গত ১৫ বছরে পতিত স্বৈরশাসক নিজে ক্ষমতায় থাকার স্বার্থে ও চূড়ান্ত কর্তৃত্বপরায়ণ হয়ে উঠতে সংবিধানকে ইচ্ছামতো কাটাছেঁড়া করেছেন। নিজে ক্ষমতা কুক্ষিগত করতে ও নিজেদের ক্ষমতায় থাকা প্রলম্বিত করতে সংবিধানের ধারাবাহিকতার দোহাই দিয়ে তিন তিনটি ভুয়া নির্বাচন করেছেন যার সাথে দেশের প্রকৃত ভোটারদের কোনো সম্পর্ক ছিল না। সর্বশেষ এ বছরের গোড়ার দিকে ডামি নির্বাচন করে আরো পাঁচ বছর টানা ক্ষমতায় থাকতে চাইছিলেন। কিন্তু আট মাসের মাথায় এক অভাবিত গণঅভ্যুত্থানের ফলে ক্ষমতা ছেড়ে জান বাঁচাতে দেশ থেকে পালাতে হয়েছে। ফলে এভাবে ক্ষমতা ছেড়ে দেশ থেকে পলায়ন এবং এরপর উদ্ভূত পরিস্থিতিতে কী হবে বা কীভাবে দেশ চলবে তা কিন্তু আমাদের সংবিধান আগাম অনুধাবন করতে পারেনি, না মূল সংবিধান, না পতিত সরকারের কাটাছেঁড়া করা সংবিধান।



নব্বই দশকে স্বৈরাচারী এরশাদ সরকারের বিরুদ্ধে দীর্ঘ আন্দোলনের পর ১৯৯১ সালে তৎকালীন বাংলাদেশের প্রধান বিচারপতি মুহাম্মদ শাহাবুদ্দিন আহমদ তিন মাসের জন্য অস্থায়ী রাষ্ট্রপতি হয়ে একটি অবাধ ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠিত করে পুনরায় প্রধান বিচারপতি পদে ফিরে গেলেন। এই অবস্থায় তাঁর নির্বাচন পরিচালনা করা ও নির্বাহী রাষ্ট্রপতির পদাধিকারী অস্থায়ী রাষ্ট্রপতি থেকে পুনরায় প্রধান বিচারপতি পদে ফিরে যাওয়া সংবিধানের কোনো অনুচ্ছেদই অনুমোদন করেনি। পরবর্তিতে সংবিধানের একাদশ সংশোধনীর মাধ্যমে সেটির বৈধতা দেয়া হয়েছিল।

২০০৭ সালে সেনা সমর্থিত ড. ফখরুদ্দিন আহমদের ১/১১ এর সরকার যে ক্ষমতায় এসে প্রায় দু'বছর দেশ শাসন করেছিলেন। তাদের এই প্রলম্বিত শাসনকাল সংবিধানের কোনো অনুচ্ছেদ সমর্থন করেনি। তাদের কার্যকাল ছিল extra-constitutional (সংবিধান বহির্ভূত)। পরবর্তী সরকার ক্ষমতায় এসে ১/১১ সরকারের প্রধান কার্যাবলিকে বৈধতা দিতে হয়েছিল।

সকল গণঅভ্যুত্থান, বিপ্লব, Mass uprising সংবিধান মেনে হয় না। বাংলাদেশে তো নয়ই, পৃথিবীর কোথাও হয়নি, যেমন ফরাসী বিপ্লব, রুশ বিপ্লব, ইরানের ইসলামী বিপ্লব, আরব বসন্ত, ঊনসত্তরের গণঅভ্যুত্থান ইত্যাদি। ৫ই আগস্টের গণঅভ্যুত্থান সংবিধান মেনে হয়েছে? মোটেই না। বরং প্রচলিত আইন, প্রথা ও সংবিধান ভেঙেই সাধারণত গণঅভ্যুত্থান বা বিপ্লব হয়। সংবিধান বা আইন মেনে আন্দোলন করলে ৫ই আগস্টের গণঅভ্যুত্থান বা ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের মাধ্যমে দেশ স্বাধীন হতো না। জনৈক জনামধন্য ব্যক্তিত্ব একদা

এরপর ২২ পৃষ্ঠায়




> পতিত প্রধানমন্ত্রী দেশ ছেড়ে পলায়ন করলেন সংবিধানের কোন অনুচ্ছেদের আলোকে? সংবিধান মানলে তো বরং তাকে দেশ থেকে পালাতে দিয়ে সংবিধানের কোনো অনুচ্ছেদ সমর্থন করে না এমন সরকার গঠন করার জন্য সংশ্লিষ্টরা সংবিধানের ৭ক অনুচ্ছেদ অনুযায়ী সর্বোচ্চ শাস্তি তথা মৃত্যুদণ্ড তুল্য অপরাধ করেছেন! সুতরাং সংবিধান একটি জাতির সব অনাকাঙ্ক্ষিত অবস্থা ও জরুরি বিষয় আগাম অনুধাবন করতে পারে না। জাতির চলমান জীবনে নতুন নতুন অবস্থার সৃষ্টি হয়, হতে বাধ্য। জাতির বিশেষ প্রয়োজনে doctrine of necessity'i (প্রয়োজনীয়তার মতবাদ) আওতায় অনেক সময় সংবিধানের বাইরে গিয়ে উদ্ভূত সমস্যার সমাধান করতে হয়। এমন উদাহরণ বিশ্বে বহু আছে, বাংলাদেশেও আছে একাধিক নজির

# 'পকেটে পিস্তল অথচ তারা বলতো শিক্ষা ও সন্ত্রাস একসঙ্গে চলবে না'

মো. জাহিদুল ইসলাম

> শিক্ষকদের কাজ এভাবে আওয়ামী লীগ অথবা বিএনপি করা না। ঢাকা বিশ্ববিদ্যালয় নীল দল হচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয় আওয়ামী লীগ শাখা এবং সাদা দল ঢাকা বিশ্ববিদ্যালয় বিএনপি শাখা। এইভাবে রাজনীতি চলতে পারে না। শিক্ষকদের রাজনীতি হবে তাদের বেতন-ভাতা নিয়ে, আবাসন সমস্যা নিয়ে, থাকার ব্যবস্থা নিয়ে, ক্লাস রুমের মান নিয়ে, গবেষণার টাকা বাড়বে কিনা- এই সব নিয়ে তারা আন্দোলন সংগ্রাম করবে। সকল ছাত্র এবং শিক্ষকের রাজনীতি হবে শিক্ষাকেন্দ্রিক পড়াশোনা এবং জ্ঞানকেন্দ্রিক বিতর্ক হবে। কিন্তু এভাবে মানুষকে মারা, সন্ত্রাসী, পেশিশক্তি, টাকার খেলাকে এবারের দেয়াল লেখনীর মাধ্যমে ছাত্রছাত্রীরা না করে দিয়েছে

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক মোবায়েত ফেরদৌস বলেন, আমি মনে করি এযাবৎকালে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে যেভাবে ছাত্ররাজনীতি চলতো সেই ভাবে আর ছাত্ররাজনীতি চলা উচিত হবে না। আমি দেখেছি সন্ত্রাসনির্ভর রাজনীতি, পেশিনির্ভর, সাম্প্রদায়িক ছাত্ররাজনীতি এবং দলীয় লেজুড়বৃত্তিক ছাত্ররাজনীতি। ছাত্রদের যেটা সমস্যা সেগুলো হলের সমস্যা, থাকার সমস্যা, খাবারের সমস্যা, লাইব্রেরির সমস্যা, ক্লাস রুমের সমস্যা নিয়ে কোনোদিন আমি কোনো বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের মিছিল-মিটিং করতে দেখিনি। তারা শুধু জাতীয় রাজনীতি নিয়ে বলেছে, 'নেত্রী তুমি এগিয়ে চলো, নেতা তুমি এগিয়ে চলো, আমরা আছি তোমার সঙ্গে'। এই সব কথা তারা বলতো এবং এত গুণ্ডামি আমি দেখেছি- পকেটের মধ্যে পিস্তল অথচ তারা বলছে শিক্ষা এবং সন্ত্রাস একসঙ্গে চলবে না, শিক্ষা এবং মারামারি একসঙ্গে চলবে না।' এই ধরনের জিনিসগুলো আমরা দেখেছি এবং বিএনপি'র সময়ে দেখেছি যারা ছাত্রদল করতো তারা কীভাবে হল দখল করে থাকতো এবং ছাত্রলীগ তাদেরকে অনেকগুণ ছাড়িয়ে গেছে। গেল ১৬ বছর ছেলে এবং মেয়েদের প্রত্যেকটা হল যেভাবে দখল করেছে। বিভিন্ন কলেজে যারা ছাত্রলীগের সঙ্গে যুক্ত ছিল তারা যেভাবে সাধারণ শিক্ষার্থীদের নিপীড়ন করতো, অত্যাচার করতো এবং তারা নিজেরা বরং ফাও খেতো বাকিরা মানবেতর জীবনযাপন করতো। গেস্ট-রুম কালচার ছিল- মধ্যরাতে তাদের নিয়ে মিছিল করানো হতো। ছেলেদের মারা হতো।



অধ্যাপক মোবায়েত ফেরদৌস

মোবায়েত ফেরদৌস বলেন, আমি দেখেছি অনেক ছেলে সিট না পেয়ে বারান্দায় শুয়ে থাকতো এবং নিউমোনিয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি ছেলে মারাও গেছে। সাম্প্রদায়িক, দলীয় লেজুড়বৃত্তিক, সন্ত্রাসনির্ভর, পেশিনির্ভর ছাত্ররাজনীতির বিরুদ্ধে আমাদের অবস্থান।

তাহলে আমরা কি ছাত্ররাজনীতি চাই না। তিনি বলেন, আমরা চাই ছাত্ররা অবশ্যই রাজনীতি করবে। ২০২৪- এর যে গণঅভ্যুত্থান এটা কিন্তু ছাত্ররাই করেছে এবং তারা একটি বড় রাজনৈতিক দল এবং দলের প্রধান সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হটিয়ে দিয়েছে। এরচেয়ে বড় রাজনৈতিক আন্দোলন আর কী হতে পারে। কিন্তু আমি অবাক হয়ে দেখেছি রাজনীতি করে এই আন্দোলন যারা করলো তারাই আবার বলছে- আমরা ছাত্ররাজনীতি চাই না। তার মানে একটি দ্বিধা এখানে কাজ করছে তারা হয়তো ছাত্রলীগ, ছাত্রদল কিংবা দলীয় লেজুড়বৃত্তিক ছাত্ররাজনীতি চাচ্ছে না কিন্তু এদের মধ্যে সাম্প্রদায়িক ছাত্ররাজনীতি, এরমধ্যে শিবির আছে, হিযবুত তাহরীর যারা বর্ণচোরা তারা কিন্তু লুকিয়ে আছে। আমরা তাদেরকে দেখেছি আওয়ামী লীগের মধ্যে, ছাত্রদলের মধ্যে, ছাত্রলীগের মধ্যে লুকিয়ে থেকে তাদের রাজনীতিগুলো করা এবং এখন তারা তাদের রাজনীতি প্রকাশ করার চেষ্টা করছে। ছাত্রলীগ এবং ছাত্রদলের এই রাজনীতি যদি বন্ধ হয় তাহলে কি হিজবুত তাহরীর নাকি ছাত্রশিবির প্রধান হয়ে উঠবে? তিনি বলেন, এই প্রশ্নগুলো সবার মধ্যেই আছে। এই জন্য আমরা বলছি- সাম্প্রদায়িক ধর্মভিত্তিক ছাত্ররাজনীতিও আমরা চাই না। আমরা এমন ছাত্ররাজনীতি চাই- যে ছাত্ররাজনীতি ছাত্রদের পড়ালেখার কথা বলবে, ক্লাস নিয়ে কথা বলবে, লাইব্রেরিতে বই নেই কেন, হলে কেন সমস্যা, খাবারের মান কেন খারাপ- এগুলো নিয়ে কথা বলবে। তিনি বলেন, ছাত্রছাত্রীরা অবশ্যই জাতীয় রাজনীতি, আন্তর্জাতিক রাজনীতি, ফিলিস্তিন নিয়েও কথা বলবে কিন্তু দলের এজেন্ডা বাস্তবায়নের জন্য ছাত্রদের কাজ করা-সেটা হবে না।

শিক্ষক রাজনীতির ক্ষেত্রে তিনি বলেন, আমরা শুধু ছাত্ররাজনীতির ক্ষেত্রে না দলীয়

এরপর ৩৬ পৃষ্ঠায়

> তিনি বলেন, এই প্রশ্নগুলো সবার মধ্যেই আছে। এই জন্য আমরা বলছি- সাম্প্রদায়িক ধর্মভিত্তিক ছাত্ররাজনীতিও আমরা চাই না। আমরা এমন ছাত্ররাজনীতি চাই- যে ছাত্ররাজনীতি ছাত্রদের পড়ালেখার কথা বলবে, ক্লাস নিয়ে কথা বলবে, লাইব্রেরিতে বই নেই কেন, হলে কেন সমস্যা, খাবারের মান কেন খারাপ- এগুলো নিয়ে কথা বলবে। তিনি বলেন, ছাত্রছাত্রীরা অবশ্যই জাতীয় রাজনীতি, আন্তর্জাতিক রাজনীতি, ফিলিস্তিন নিয়েও কথা বলবে কিন্তু দলের এজেন্ডা বাস্তবায়নের জন্য ছাত্রদের কাজ করা-সেটা হবে না




# ট্রাম্প হারলেও ট্রাম্পবাদ থেকে যাবে

> নির্বাচনী দৃষ্টিকোণ থেকে রিপাবলিকান প্রচারকারীরা ইতিমধ্যেই ডেমোক্রেটিক পার্টিকে ভোটারদের প্রায় অর্ধেকের কাছে অবিশ্বস্ত করে তুলতে পেরেছে। এমনকি যারা ডেমোক্র্যাটদের সুযোগ দিতে ইচ্ছুক, তারাও ছোটখাটো ত্রুটি খুঁজে দেখছে, যা রিপাবলিকানদের দীর্ঘদিনের প্রচারিত আতঙ্কের বার্তাকে সত্যি বলে প্রমাণ করতে পারে। এখন প্রশ্ন হলো, এটাই কি ট্রাম্পকে দ্বিতীয়বার হোয়াইট হাউসে ফিরিয়ে আনার জন্য যথেষ্ট হবে কি না। যদি ভোটাররা তাঁকে প্রত্যাখ্যান করেন, তাহলে আমেরিকা কিছুটা সময় পাবে। কিন্তু তা খুব বেশি সময়ের জন্য নয়। কারণ, পরবর্তী চার বছরে মাগা মিডিয়া আরও কট্টর, বিশৃঙ্খল ও নিয়ন্ত্রণহীন হবে এবং তারা কমলা হ্যারিসের বিরুদ্ধে অবিরাম আক্রমণ চালাবে

রিড গ্যালেন

ইউভাল নোয়া হারারি তাঁর নেক্সাস: আ ব্রিফ হিস্ট্রি অব ইনফরমেশন নেটওয়ার্কস ফ্রম দ্য স্টোন এজ টু এআই বইটির ভূমিকায় লিখেছেন, 'আমরা নিশ্চিতভাবে ধরে নিতে পারি না, যেসব সংবাদমাধ্যম বিভ্রান্তি ছড়ায়, তারা সব সময়ই ব্যর্থ হতে বাধ্য।' আসন্ন মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনের প্রেক্ষাপটে এ বক্তব্যের গুরুত্ব স্পষ্ট। রিপাবলিকান পার্টির রাজনৈতিক শাখায় পরিণত হওয়া 'মেক আমেরিকা গ্রেট অ্যাগেইন' (মাগা) আন্দোলনটি একটি বিভ্রান্তিকর আন্দোলন। এর নেতা ডোনাল্ড ট্রাম্প এবং তিনি যদি আবার ক্ষমতায় আসেন, তাহলে তা যুক্তরাষ্ট্রের জন্য বিপর্যয় ডেকে আনবে।



এই বাস্তবতা প্রায় সবাই জানেন। তারপরও জরিপগুলো ট্রাম্পের প্রায় ৫০ শতাংশ জনসমর্থন দেখাচ্ছে। উগ্র, আপত্তিকর, উদ্ভট এবং স্পষ্টতই বিপজ্জনক বক্তব্যের জন্য ট্রাম্প বিশ্বব্যাপী পরিচিত হয়ে ওঠার পরও এই ফলাফল দেখা গেলে তা স্বাভাবিকভাবেই উদ্বেগজনক হয়ে ওঠে। 'মাগা' আন্দোলনের মানুষকে মোহগ্রস্ত করে নিজের দিকে টানার ক্ষমতা আছে।

এর সবচেয়ে বড় প্রমাণ হলো, আমেরিকার অর্ধেক ভোটার মনে করেন, ট্রাম্প যুক্তরাষ্ট্রকে নেতৃত্ব দেওয়ার জন্য তাঁর প্রতিদ্বন্দ্বী ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিসের চেয়ে বেশি উপযুক্ত।

ট্রাম্প-সমর্থকদের প্রত্যেকেই হয়তো ট্রাম্পকে সমর্থন করার পেছনে একই কারণ দেখাবেন না; কিন্তু তাঁদের মধ্যে একটি সাধারণ মিল রয়েছে। সেটি হলো, তাঁরা সবাই ডানপন্থী প্রচারণার প্রবল প্রভাবে দীর্ঘদিন ধরে মোহগ্রস্ত হয়ে আছেন।

এসব ভোটার এক দশক ধরে ট্রাম্পের এমন সব উদগ্র ও বিষাক্ত বক্তব্য শুনে আসছেন, যা কিনা দীর্ঘদিন ধরে চলে আসা একটি প্রক্রিয়ার সর্বশেষ ধাপ মাত্র। আমেরিকানরা প্রায় ৫০ বছর ধরে প্রয়াত রাশ লিম্বোর (প্রভাবশালী আমেরিকান রেডিও ব্যক্তিত্ব এবং রাজনৈতিক ভাষ্যকার, যিনি যুক্তরাষ্ট্রে ডানপন্থী চিন্তাধারা প্রচার করতেন) ঘৃণামূলক কথাবার্তা শুনেছেন এবং প্রায় ৩০ বছর ধরে ফক্স নিউজের একঘেয়ে মুখগুলোকে মিথ্যা ছড়াতে এবং বিভেদ উসকে দেওয়ার প্রচেষ্টা দেখতে দেখতে অভ্যস্ত হয়ে উঠেছেন।




প্রতিষ্ঠিত রিপাবলিকান নেতাদের জন্য দুর্ভাগ্যজনকভাবে, এখন ট্রাম্প নামক দানবটি নিয়ন্ত্রণের বাইরে চলে গেছে। ট্রাম্পের নেতৃত্বে 'কনজারভেটিভ' আন্দোলন তাদের সর্বনিকৃষ্ট প্রবৃত্তির প্রকাশ ঘটানোর প্ল্যাটফর্ম পেয়ে গেছে। রক্ষণশীল মিডিয়ায় ট্রাম্প স্থায়ী মঞ্চ পেয়ে গেছেন।

২০১৫ সালে ট্রাম্প যখন ট্রাম্প টাওয়ারের সেই 'স্বর্ণালি' এসকেলেটরে নেমে আসেন এবং তাঁর প্রেসিডেন্ট প্রার্থিতার ঘোষণা দেন, তখন দেখা যায়, যাঁরা ডানপন্থী মিডিয়ার সঙ্গে দীর্ঘ সময় ধরে কাজ করেছেন এবং এর সুবিধা ভোগ করেছেন, তাঁরা ট্রাম্পের দ্বারা সমালোচিত, অবহেলিত ও অপমানিত হচ্ছেন। অন্যদিকে ট্রাম্পের সমর্থকেরা তাঁর প্রতি মুগ্ধ হয়ে রয়েছেন।

অর্থাৎ ট্রাম্পের উত্থান কনজারভেটিভ আন্দোলন ও মিডিয়ার গতিপথে একটি মৌলিক পরিবর্তন এনেছে। একদিকে প্রতিষ্ঠিত রিপাবলিকানরা নিজস্ব অবস্থান হারাচ্ছেন, অন্যদিকে ট্রাম্পের রাজনৈতিক স্টাইল ও ব্যক্তিত্ব তাঁদের ওপর চাপ সৃষ্টি করছে।

২০১৬ সালে মূলত আমেরিকার তথ্যজগৎকে কবজা করার মাধ্যমে ট্রাম্প ক্ষমতায় এসেছিলেন। সে সময় তিনি ও তাঁর সঙ্গে উঠে আসা মাগা রাজনীতিকেরা ডানপন্থী প্রচারমাধ্যমে প্রায় সীমাহীন সম্প্রচার সময় পেয়েছিলেন। তাঁর বক্তব্য যতই অযৌক্তিক বা অদ্ভুত হোক না কেন, সে বক্তব্যকে স্বাভাবিক বলে প্রচার করা হয়েছিল। এমনকি এসব বক্তব্যের 'সত্যতা'র প্রশংসাও করা হয়েছিল।

শুধু কনজারভেটিভ মিডিয়াই ট্রাম্পের দিকে জনসাধারণের দৃষ্টি স্থির রেখেছিল, তা নয়। 'যদি হানাহানি হয়, তাহলে সেটিই প্রধান খবর'-নিউজ রিপোর্টিংয়ের এই মৌলিক নীতি অনুসরণ করে প্রথাগত মিডিয়া ট্রাম্প ও তার মাগা আন্দোলনের রাজনৈতিক বিভাজনের ওপর নিয়মিত খবর প্রকাশ করেছে।

তখনকার সিবিএস টেলিভিশন চ্যানেলের চেয়ারম্যান লেস মুনভেস ২০১৬ সালে বলেছিলেন, ট্রাম্পের রাজনৈতিক ক্যারিয়ার 'আমেরিকার জন্য ভালো নয়', কিন্তু তাঁকে এয়ারটাইম দেওয়া 'মিডিয়া কোম্পানির জন্য খুব ভালো'। ডানপন্থী মিডিয়ার সাফল্য অনুকরণ করতে ব্যর্থ হয়েছে বামপন্থীরা। ডানপন্থীরা তাদের উদ্দেশ্য প্রচারে যেকোনো পদ্ধতি অবলম্বনের যে প্রবণতা দেখিয়েছে, বামপন্থীরা তেমনটা করেনি।

উপরন্তু যুক্তরাষ্ট্র স্বাভাবিকভাবেই প্রগতিশীল চিন্তার উর্বর ভূমি নয়। বামপন্থী প্রতিষ্ঠানের অভাব ডানপন্থী মিডিয়াগুলোকে এমন ধারণা ও নীতি প্রচারের সুযোগ করে দিয়েছে, যা আমেরিকান জনগণের মধ্যে জনপ্রিয় নয়। নির্বাচনী দৃষ্টিকোণ থেকে রিপাবলিকান প্রচারকারীরা ইতিমধ্যেই ডেমোক্রেটিক পার্টিকে ভোটারদের প্রায় অর্ধেকের কাছে অবিশ্বস্ত করে তুলতে পেরেছে।

এমনকি যারা ডেমোক্র্যাটদের সুযোগ দিতে ইচ্ছুক, তারাও ছোটখাটো ত্রুটি খুঁজে দেখছে, যা রিপাবলিকানদের দীর্ঘদিনের প্রচারিত আতঙ্কের বার্তাকে সত্যি বলে প্রমাণ করতে পারে।

এরপর ২২ পৃষ্ঠায়



কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস
ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র
সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration

(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com



Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

KARNAFULLY TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




# কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামুলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

আমরা IATA অনুমোদিত

আমরা ARC AIRLINES REPORTING CORPORATION অনুমোদিত



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

৭৪৯+
JFK-Dhaka-JFK Return





SAUDI ARABIAN AIRLINES

স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
ওমরাহ ভিসা - এয়ার টিকেট - হোটেল

DELTA AIR LINES · Biman BANGLADESH AIRLINES · American Airlines · ETIHAD AIRWAYS · Emirates · QATAR AIRWAYS · KUWAIT AIRWAYS




দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ



কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
১৮ বছরের অভিজ্ঞ



মাহির
ট্রাভেল কনসালটেন্ট
৮ বছরের অভিজ্ঞ



জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
১০ বছরের অভিজ্ঞ

**7305 37th Road, Jackson Heights, NY 11372**
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

**Phone: 917-396-4140, 917-592-7828**

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 11AM-10PM *Terms & Condition may apply. See store for details.

# ভারতের সঙ্গে সম্পর্ক উন্নয়নে কাজ করেছে অন্তর্বর্তী সরকার

বিনোদ খোসলা

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে বাংলাদেশ তার সম্ভাবনায় পৌঁছাতে পারলে তাতে ভারতের সর্বোত্তম স্বার্থ রয়েছে। একজন গর্বিত আমেরিকান এবং ভারতের সন্তান হিসেবে, অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে বাংলাদেশে যে সম্ভাবনা তৈরি হয়েছে, তা নিয়ে আমি আশাবাদী।

গত ৫ আগস্ট প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ ছেড়ে পালিয়ে যাওয়ার তিন দিন পর ড. ইউনূস বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকার প্রধান হিসেবে শপথ নেন। ইউনূস, যাকে আমি বন্ধু মনে করি এবং কয়েক দশক ধরে চিনি। শিক্ষার্থী আন্দোলনের নেতৃত্বে থাকা ছাত্রদের অনুরোধে এ দায়িত্ব গ্রহণ করেন তিনি।

আমি এমন একজন উদ্যোক্তা, যে নতুন আইডিয়ার শক্তিতে বিশ্বাসী এবং টেকসই উদ্যোগ ও এর প্রভাব নিয়ে আগ্রহী। ইউনূস তার জীবনে যা কিছু অর্জন করেছেন তাতে আমি বিস্মিত। আমি আমার বিনিয়োগের মাধ্যমে বিশ্বে সকল প্রাণের জন্য মঙ্গলজনক এমন প্রযুক্তির জন্য কাজ করি।

অধ্যাপক ইউনূস অন্তহীন পরীক্ষা-নিরীক্ষা এবং নিরলস প্রচেষ্টার মাধ্যমে দারিদ্র্য হ্রাস, স্বাস্থ্যসেবা ও শিক্ষার ইতিবাচক প্রভাব এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ের জন্য প্রাতিষ্ঠানিক সাফল্যের মডেলগুলোর একটি সিরিজ তৈরি করেছেন।

ভারতের সঙ্গে সম্পর্ক উন্নয়নে কাজ করেছে অন্তর্বর্তী সরকার উদাহরণস্বরূপ, ১৯৯৬ সালে তিনি বাংলাদেশের গ্রামাঞ্চলে কয়েক হাজার দরিদ্র নারীর হাতে মোবাইল ফোন তুলে দিতে সক্ষম হয়েছিলেন, যাতে তারা নিজ উদ্যোগে অর্থ উপার্জন করতে পারেন।


আমি জনজীবন ও পরিবেশ রক্ষায় উৎসাহী। অধ্যাপক ইউনূস ১৯৯৫ সালে একটি কোম্পানি প্রতিষ্ঠা করেন যেটি ১.৮ মিলিয়ন সোলার হোম সিস্টেম এবং ১ মিলিয়ন ক্লিন কুক স্টোভ ইনস্টল করেছে। এটিও মূলত বাংলাদেশের গ্রামাঞ্চলেই হয়েছে।

গ্রামীণ ব্যাংকের অবদানও এখানে স্মরণীয়, যা ১০ মিলিয়নেরও বেশি দরিদ্র নারীদের ৩৯ বিলিয়ন মার্কিন ডলার ঋণ দিয়েছে। এই ক্ষুদ্রঋণ থেকে অনেকেই উপার্জনের পথ খুঁজে পেয়েছেন। ভারত এবং অন্য অনেক দেশেও একই মডেলে কাজ হয়েছে।

কিন্তু এখন, অধ্যাপক ইউনূস একটি নতুন চ্যালেঞ্জের দিকে মনোযোগ দিয়েছেন। জনসংখ্যার দিক থেকে বিশ্বের অষ্টম বৃহত্তম দেশ বাংলাদেশ, যেখানে ১৭০ মিলিয়নেরও বেশি লোক বাস করেন। এটি এমন একটি দেশ যেখানে যুক্তরাষ্ট্রের প্রায় অর্ধেক জনসংখ্যা বাস করে, অথচ যার আয়তন ইলিনয় রাজ্যের সমান।

বাংলাদেশ এবং সারা বিশ্বে এমন অনেক মানুষ আছেন যারা ইউনূসের সাফল্য কামনা করেন। আমি তাদের একজন। কিন্তু এমনও অনেকে আছেন যারা তাকে এবং অন্তর্বর্তীকালীন সরকারকে ব্যর্থ করতে চায়; অনেকে তার নেতৃত্ব নিয়ে মিথ্যা বয়ানও ছড়িয়ে যাচ্ছেন।

আমি তার মূল্যবোধ, তার পদ্ধতি এবং প্রাথমিকভাবে তার নেতৃত্বের ফলাফল নিয়ে আমার দৃষ্টিভঙ্গি জানাতে চাই। কার্যালয়ে প্রথম দুই মাসে তিনি পুলিশ বাহিনীকে কাজে ফিরিয়েছেন, যা আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি করেছে। সনাতন ধর্মাবলম্বীসহ অন্য সংখ্যালঘুদের সুরক্ষার জন্য সক্রিয় ব্যবস্থা নিয়েছে। ভারতের সঙ্গে সম্পর্ক উন্নয়নে কাজ করেছে, আঞ্চলিক শক্তিগুলোকে পরামর্শ দিয়েছেন সার্ককে পুনরুজ্জীবিত করার জন্য এবং বাংলাদেশের ব্যাংকিং ও আর্থিক খাতে স্থিতিশীলতা আনার ক্ষেত্রে অগ্রগতি হয়েছে (যেটি তিনি দায়িত্ব গ্রহণের সময় বিশৃঙ্খলার মধ্যে ছিল)।



তিনি জাতিসংঘের সাধারণ পরিষদে কার্যকরভাবে বাংলাদেশের প্রতিনিধিত্ব করেছেন এবং নিউইয়র্কে থাকাকালীন বিশ্ব নেতাদের সঙ্গে ৫০টিরও বেশি ফলপ্রসূ বৈঠক করেছেন।

আমি তাকে তার ক্যারিয়ার জুড়ে যে মূল্যবোধ এবং পদ্ধতি ব্যবহার করতে দেখেছি নতুন ভূমিকায় কাজ করার সময়ও তিনি তা প্রয়োগ করেছেন। সেগুলো হলো- মূল বিষয়গুলোতে একটি জাতীয় ঐক্যমত তৈরি করা, কোনটি সবচেয়ে ভালো কাজ করে তা নির্ধারণ করার জন্য পরীক্ষা করা, নাগরিকদের (বিশেষ করে যুবকদের) ব্যবহারিক এবং গঠনমূলক কাজে যুক্ত হতে অনুপ্রাণিত করা, ধর্ম, লিঙ্গ বা জাতি নির্বিশেষে সকল মানুষকে সম্মান করা। তিনি বাস্তববাদী ও সেইসঙ্গে প্রচণ্ড উদ্যমী (৮৪ বছর বয়সী হওয়া সত্ত্বেও)।

কিন্তু অনেক চ্যালেঞ্জ আছে। একটি সরকারকে নেতৃত্ব দেওয়া সামাজিক ব্যবসা এবং অলাভজনক প্রতিষ্ঠান চালানোর চেয়ে বহুগুণ বেশি কঠিন হতে পারে। ক্ষমতা হারানো পূর্ববর্তী সরকার দ্বারা সুবিধাপ্রাপ্ত একটি গোষ্ঠীও চায় তার প্রচেষ্টা ব্যর্থ হোক। বছরের পর বছর ক্ষমতার বাইরে থাকা দলটি দ্রুত ফিরতে চায়। তবে আমি বিশ্বাস করি ড. ইউনূস তার কাজ করে যেতে পারবেন।

গত সেপ্টেম্বরে বাংলাদেশের জনগণ এবং সারা বিশ্বের শুভাকাঙ্ক্ষীদের কাছে একটি চিঠি, যেখানে ৯২ জন নোবেল বিজয়ীসহ ১৯৮ জন বিশ্ব নেতার সই ছিল, সেখানে আমিও সই করেছিলাম।

সেখানে বলা হয়েছিল, 'অধ্যাপক ইউনূসকে শেষ পর্যন্ত সমগ্র দেশের, বিশেষ করে সবচেয়ে প্রান্তিক মানুষের উন্নতির জন্য কাজ করার জন্য মুক্ত হতে দেখে আমরা উচ্ছ্বসিত, যে আহ্বান তিনি ছয় দশক ধরে অত্যন্ত জোরালোভাবে এবং সাফল্যের সঙ্গে অনুসরণ করেছেন।'

এই ভূমিকায় তার প্রথম দিকের সাফল্য বাংলাদেশের ভবিষ্যতের জন্য শুভ সূচনা। একটি সফল বাংলাদেশ ভারতের শক্তিশালী মিত্র হওয়ার

এরপর ২৩ পৃষ্ঠায়




“
সেখানে বলা হয়েছিল, 'অধ্যাপক ইউনূসকে শেষ পর্যন্ত সমগ্র দেশের, বিশেষ করে সবচেয়ে প্রান্তিক মানুষের উন্নতির জন্য কাজ করার জন্য মুক্ত হতে দেখে আমরা উচ্ছ্বসিত, যে আহ্বান তিনি ছয় দশক ধরে অত্যন্ত জোরালোভাবে এবং সাফল্যের সঙ্গে অনুসরণ করেছেন।' এই ভূমিকায় তার প্রথম দিকের সাফল্য বাংলাদেশের ভবিষ্যতের জন্য শুভ সূচনা। একটি সফল বাংলাদেশ ভারতের শক্তিশালী মিত্র হওয়ার সম্ভাবনা রাখে, ব্যর্থ বাংলাদেশের তুলনায়। আমাদের সবার উচিত অধ্যাপক ইউনূসের এই গুরুত্বপূর্ণ অন্তর্বর্তীকালীন ভূমিকার অগ্রগতি অব্যাহত রাখার দিকে মনোনিবেশ করা, কারণ বাংলাদেশের সম্ভাবনায় পৌঁছানোতেই ভারতের সর্বোত্তম স্বার্থ
”

# জাতিকে ঐক্যবদ্ধ করার এখনই সময়

ড. মো. আব্দুল জলিল

“
আওয়ামী শাসনামলে অপকর্ম হয়েছে বলে এখনো তা করা যাবে-এমন ধারণা জুলাই বিপ্লবের মূল চেতনার সঙ্গে সাংঘর্ষিক। একজনকে ক্ষমতা থেকে হটিয়ে শুধু আরেকজনকে ক্ষমতার চেয়ারে বসানোর জন্য ছাত্র-জনতার বিপ্লব সংঘটিত হয়নি। তারুণ্যের রক্তের বিনিময়ে অর্জিত বিপ্লবকে মানুষের কল্যাণে কাজে লাগাতে হবে। নতুনভাবে যাতে ফ্যাসিবাদ জেঁকে বসতে না পারে এবং দেশের নাগরিকরা বৈষম্যহীন সমাজের সুফল ভোগ করতে পারে, সেদিকে নজর দেওয়া জরুরি। ব্যক্তিগত ও পারিবারিক বিরোধের প্রতিশোধ নেওয়ার জন্য রাজনৈতিক হয়রানিমূলক মামলাকে যারা হাতিয়ার হিসাবে ব্যবহার করতে চায়, তাদের ব্যাপারে এখনই সতর্ক হতে হবে। ছাত্র-জনতার অভ্যুত্থানকে বিতর্কিত করার যে কোনো চেষ্টাকে দমন করতে না পারলে বৈষম্যহীন নতুন বাংলাদেশ গড়ার স্বপ্ন অধরাই থেকে যাবে
”

দেশের যে কোনো মানুষকে সাম্প্রতিক ছাত্র-জনতার গণ-অভ্যুত্থান সফল হওয়ার কারণ জিজ্ঞাসা করলে দলমতনির্বিশেষে সবাই একবাক্যে বিগত সরকারের ক্ষমতার অপব্যবহার, দুর্নীতি, লুটপাট, অর্থ পাচার, নিরীহ মানুষকে হয়রানি, চাঁদাবাজি, ছাত্র আন্দোলনে নির্বিচারে গুলি ছোড়া ও হত্যা এবং বিচারহীনতার সংস্কৃতিকে দায়ী করবেন। দীর্ঘ পনেরো বছর একটানা ক্ষমতায় থাকার কারণে আওয়ামী লীগে এবং সরকারে স্বার্থান্বেষী ও সুযোগসন্ধানীদের সম্মিলন ঘটেছিল। ফলে একসময়কার জনগণের দল পরিণত হয় চাটুকার ও তোষামোদকারীদের নিরাপদ আশ্রয়স্থলে। আদর্শবান রাজনৈতিক নেতারা দলে গুরুত্ব হারান অথবা তাদের কোণঠাসা করে রাখা হয়। যেনতেন উপায়ে ক্ষমতায় থাকার মোহ পেয়ে বসায় দলের কাছে জনগণের গুরুত্ব কমে যায় এবং রাতের ভোটের কারিগরদের কদর বাড়ে। পুলিশ ও আমলাতন্ত্রের ওপর অতিমাত্রায় নির্ভরতার কারণে দুর্নীতিবাজ আমলাদের ন্যায্য-অন্যায্য দাবি সরকারকে মেনে নিতে হয়। নিয়োগ, পদোন্নতি ও পদায়নে দলীয় আনুগত্য প্রদর্শন বেশি গুরুত্ব পায়। প্রশাসনে পেশাদারির পরিবর্তে দলীয় পরিচয় যোগ্যতার মানদণ্ড হিসাবে বিবেচিত হয়। ফলে প্রশাসন ও দলের মধ্যে পার্থক্য নিরূপণ করা অনেক ক্ষেত্রে দুরূহ হয়ে পড়ে। অনেক কর্মকর্তাই আওয়ামী ভাষায় কথা বলতে স্বাচ্ছন্দ্যবোধ করতেন। রাজনৈতিক দুর্বৃত্তায়নের ফলে ছাত্র, যুব ও পেশাজীবী সংগঠনে দুর্নীতিবাজ, চাটুকার ও পেশিশক্তির প্রাধান্য দেখা যায়। অনিয়মই দেশে নিয়মে পরিণত হয়। বিভিন্ন এলাকায় সরকারি দলের নেতাদের ছত্রছায়ায় কিছু দালাল সৃষ্টি হয়, যারা সর্প হয়ে দংশন করত, আবার ওঝা হয়ে বিষ নামানোর দায়িত্ব পালন করত। একদিকে ক্ষমতার অপব্যবহার, অন্যদিকে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি, মূল্যস্ফীতি, খুন, গুম, আয়নাঘরের বীভৎস নির্যাতন সাধারণ মানুষের জীবনকে অতিষ্ঠ করে তুলেছিল। মানুষ এ বিভীষিকাময় অবস্থা থেকে মুক্তির উপায় খুঁজছিল। অবশেষে ছাত্র-জনতার আন্দোলন স্বৈরাচারের পতন নিশ্চিত করতে পেরেছে।



সরকারি চাকরিতে বৈষম্যমূলক কোটাব্যবস্থার যৌক্তিক সংস্কারের দাবিতে ছাত্র আন্দোলনের সূত্রপাত হলেও ছাত্র-জনতার অভ্যুত্থানের মূল দার্শনিক ভিত্তি ছিল সমাজ থেকে সব ধরনের বৈষম্য দূর করে সামাজিক ন্যায়বিচার, মানবাধিকার ও সামাজিক সমতা প্রতিষ্ঠা করা। বিশেষ করে তারুণ্যের প্রত্যক্ষ সংশ্লিষ্টতা থাকায় এ অভ্যুত্থান জনগণকে স্বপ্ন দেখিয়েছিল নতুন একটি বাংলাদেশ গড়ার। আমরা আশান্বিত হয়েছিলাম এমন এক বাংলাদেশের, যেখানে হিংসা-হানাহানি, রাজনৈতিক সংকীর্ণতা, বিদ্বেষ ও প্রতিহিংসা, শক্তি প্রয়োগের মাধ্যমে ভিন্নমতকে দমন, লুটপাট ও দুর্নীতির মহোৎসব, বাজার সিন্ডিকেটের মাধ্যমে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি এবং প্রাথমিক থেকে উচ্চশিক্ষা পর্যন্ত প্রতিটি স্তরে শিক্ষাব্যবস্থা ধ্বংসের যে আয়োজন করা হয়েছিল, এর পুনরাবৃত্তি ঘটবে না। কিন্তু বাস্তবে আমরা কী দেখছি? সরকারের ধীরে চলার নীতি, বাজার সিন্ডিকেট ভাঙতে না পারা, কোনো কোনো জায়গায় চাঁদাবাজির শুধু হাতবদল এবং কতিপয় অতি উৎসাহী ব্যক্তির বাড়াবাড়ির কারণে 'যে লাউ সেই কদু'র বাঙালি দর্শন মাঝেমধ্যে আমাদের মাঝে উঁকি দিয়ে যাচ্ছে।

নতুন বাংলাদেশে প্রথমেই আমরা হোঁচট খাই বিচারাঙ্গনের পরিবেশ দেখে। জুলাই গণহত্যার অভিযোগে বিগত সরকারের গুরুত্বপূর্ণ ব্যক্তিদের আটক করে যখন আদালতে নেওয়া হচ্ছিল, তখন আদালত চত্বরে অনেককেই শারীরিকভাবে লাঞ্ছিত করার চেষ্টা করা হয়েছে। এটি সত্য, গণহত্যার দায়ে তাদের প্রতি জনগণের ক্ষোভ ছিল। আর অন্তর্বর্তী সরকার গঠনের পরপর সব ক্ষেত্রে নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে শৃঙ্খলা প্রতিষ্ঠায় কিছুটা সময় লেগেছে। কিন্তু সরকার গঠনের দুই মাস পার হলেও এখনো মাঝেমধ্যে কথিত মব জাস্টিসের অভিযোগ শোনা যায়। এ ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা কঠোর হস্তে দমন করতে না পারলে ছাত্র-গণ-অভ্যুত্থান প্রশ্নবিদ্ধ হতে পারে। মনে রাখতে হবে, একজন ব্যক্তি যত বড় অপরাধী হোক না কেন, তার বিচার আদালতেই হওয়া উচিত। আদালতে তিনি স্বপক্ষ সমর্থনের অধিকার রাখেন। যথাযথ আইনি প্রক্রিয়া অনুসরণ করেই অপরাধের বিচার করা উচিত। আইন নিজের হাতে তুলে নেওয়া, আদালত প্রাঙ্গণে শারীরিক লাঞ্ছনা কিংবা হট্টগোলের মাধ্যমে প্রতিপক্ষের আইনজীবীদের কথা বলতে না দেওয়া কোনো সভ্য আচরণ নয়।

আওয়ামী শাসনামলে ভিত্তিহীন মামলার ছড়াছড়ি ছিল। রাজনৈতিক ভিন্নমতের কারণে কিংবা কোনো কোনো ক্ষেত্রে আওয়ামী নেতাকর্মীদের সঙ্গে ব্যক্তিগত ও পারিবারিক দ্বন্দ্বের জেরে অনেককে মামলার গ্লানি টানতে হয়েছে। কিন্তু একই আচরণ যদি এখনো হয়, এখনো যদি গণহারে মামলা দিয়ে হয়রানি করা হয়, অপরাধ না করা সত্ত্বেও কাউকে মামলার আসামি করা হয়, ব্যক্তিগত ও পারিবারিক শত্রুতার প্রতিশোধের জন্য প্রতিপক্ষকে রাজনৈতিক মামলায় জড়ানো হয়, তাহলে বিগত স্বৈরশাসনের সঙ্গে বর্তমান অবস্থাকে কীভাবে আলাদা করা হবে? ২০১৮ সালের জাতীয় সংসদ নির্বাচনের সময় আমার এলাকার একটি ভোটকেন্দ্রে আওয়ামী-যুবলীগের নেতাকর্মীরা বিএনপি কর্মীদের ওপর হামলা করে। এতে কয়েকজন আহত হন এবং কিছু ঘরবাড়ি ভাঙচুর করা হয়। ২০১৮ সালের

এরপর ২৮ পৃষ্ঠায়






# Basement Environmental Health & Safety

**আপনার বেসমেন্ট, গ্যারেজ, অ্যাটিক বা পিছনের উঠোনকে বৈধ করতে বিনামূল্যে NYC ADU অনুদানের অর্থ ব্যবহার করুন। (PlusOneADU@hpd.nyc.gov or 311).**

DANGER


## সাবধান- Do Not SLEEP in an Unhealthy Toxic Basement without a Safety Inspection

### Serious Health Hazards in your Basement

Various Health Issues, Chronic Respiratory illness, Cancer, Kidney, liver, Brain damage, Risk of Severe Mental Health Depression, and Central Nervous System even death. (অস্বাস্থ্যকর বেসমেন্টে দীর্ঘায়িত ঘুমের জন্য দায়ী। বিভিন্ন স্বাস্থ্য সমস্যা, দীর্ঘস্থায়ী শ্বাসযন্ত্রের রোগ, ক্যান্সার, কিডনি, লিভার, মস্তিষ্কের ক্ষতি, গুরুতর স্বাস্থ্যের অবনতি এবং কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের ঝুঁকি, এমনকি মৃত্যু পর্যন্ত হতে পারে।)








Homeowners: Minimizing Liability and Preventing Legal Lawsuit (আবশ্যিক নিরাপত্তা পরিদর্শন: দায়বদ্ধতা কমানো এবং আইনি মামলা প্রতিরোধ).

- Indoor Air Quality- Lead-Based Paint Check, Radon Gas, and other Toxicity Inspections. বাড়ির মালিকদের অবশ্যই এই ধরনের পরিদর্শনের ব্যবস্থা করতে হবে এবং তাদের অবশ্যই সংশোধন করতে হবে। অস্বাস্থ্যকর বেসমেন্ট থেকে, ভাড়া আদায় নিষিদ্ধ।
- Basement Tenant: Get Help from HPD Grant Money, Move Out from an Unhealthy Toxic Basement. (বেসমেন্ট ভাড়াটিয়া: HPD অনুদানের অর্থের সাহায্য নিন, অসুস্থকর বিষাক্ত বেসমেন্ট থেকে বেরিয়ে আসুন, এবং দীর্ঘায়ু লাভ করুন।) আইনজীবী ছাড়া বেজমেন্ট ভাড়াটিয়ার উচ্ছেদ, ব্যক্তিগত তদন্তের মাধ্যমে অর্থ সংগ্রহ, এবং সম্প্রদায়ের মধ্যস্থতা।

**917-618-0740 Bcsafetymediator@gmail.com**


ZAM ZAM
TRAVEL US
VISION 2030
PRE-REGISTER FOR THE
nusuk
Zam Zam Travel US is thrilled to announce that registration is now open for Nusuk Hajj 2025, in collaboration with top Hajj companies.
২০২৫ সালের পবিত্র হজ্জের
প্রাক-নিবন্ধন
চলছে!
প্রয়োজনীয় ডকুমেন্টস সমূহঃ
▪ বাংলাদেশী জাতীয় পরিচয়পত্র
▪ বাংলাদেশী মোবাইল নাম্বার
▪ নিবন্ধন ফি
▪ এক কপি ছবি
www.zamzamtravelus.com
zamzamtravelus
+1 (718) 395-9697
zamzamtravelus@gmail.com
37-15 73 Street (Suite-207), Jackson Heights, NY-11372


www.zamzamtravelus.com
ZAM ZAM
TRAVEL US
zamzamtravelus
November Special Luxurious Five Star
UMRAH PACKAGE 2024
Double $2399
Tripple $2299
Quad $2199
Departure: Nov 6th, 2024 JFK - JED | Return: Nov 13th, 2024 MED - JFK
Departure: Nov 13th, 2024 JFK - MED | Return: Nov 20th, 2024 JED - JFK
Departure: Nov 23th, 2024 JFK - MED | Return: Nov 30th, 2024 JED - JFK
Umrah Visa
Return Air Ticket
5 Star Accomodation Mecca & Madina
Full Transportation
Ziarat & Sightseeing Mecca & Madina
Guidance Services
December Special Luxurious Five Star
UMRAH PACKAGE 2024
Departure: Dec 22nd, 2024 JFK - JED | Return: Dec 30th, 2024 MED - JFK
January Special Luxurious Five Star
UMRAH PACKAGE 2025
Departure: Jan 15th, 2025 JFK - JED | Return: Jan 21st, 2025 MED - JFK
Departure: Jan 22nd, 2025 JFK - JED | Return: Jan 29th, 2025 MED - JFK
Departure: Jan 29th, 2025 JFK - JED | Return: Feb 06th, 2025 MED - JFK
+1 (718) 395-9697
zamzamtravelus@gmail.com
37-15 73 Street (Suite-207), Jackson Heights, NY-11372


ZAM ZAM TRAVEL US
জম জম ট্রাভেল ইউএস
WORLDWIDE VISA SERVICES
• Expert Team • Premium Support
• Verified Visa Checklist • Perfect Visa Application Service
SAUDI ARABIA 10 YEARS
MULTIPLE ENTRY VISA
▪ Stay Up to 180 Days Per Entry
▪ Perform Unlimited Umrah
▪ Business Travel & Exploration
▪ Explore Educational Opportunities
▪ Visit Family and Friends
▪ Travel To Any City
INDIA
VISA PROCESSING
SCHENGEN
VISA PROCESSING
SAUDI ARABIA
VISA PROCESSING
UAE | VISA PROCESSING
• 30 DAYS VISA • 2 YEARS VISA • 5 YEARS VISA • 10 YEARS VISA
UAE-DUBAI | FULL PACKAGE TOUR PROVIDER
• VISA • TICKET • HOTEL • TRANSPORTATION • SIGHTSEEING • GUIDANCE SERVICES
3 STAR & 5 STAR
UMRA | FULL PACKAGE PROVIDER
• VISA • TICKET • HOTEL • TRANSPORTATION • ZIARAT • GUIDANCE SERVICES
Bangladesh Plaza
37-15, 73 Street, Suite # 207
Jackson Heights, NY 11372
(718) 395-9697
zamzamtravelus@gmail.com
www.zamzamtravelus.com


কংগ্রেসমেম্বার
গ্রেস মেং
একজন সত্যিকারের বন্ধু।
একজন সাহসী মিত্র।
আমাদের জন্য লড়াই করেছেন।
আপনি কোথায় ভোট দিতে যাবেন, খুঁজে পেতে ব্রাউজ করুন
NYC.POLLSITTELOCATOR.COM
GRACE
MENG FOR CONGRESS
Paid for by Grace for New York
৫ নভেম্বরের মধ্যে ভোট দিন


মুনা সেন্টার অফ জ্যাকসন হাইটস
MUNA Center of Jackson Heights
Masjid Namirah
Chief Guest
Imam Dalouer Hossain
Formar National President, MUNA
Special guest
Md. Rasheduzzaman
President, New York North zone MUNA
Special guest
Dr. Ataul H Osmani MD
President, BMANA, NY Chapter
Fundraising Dinner 2024
Date: November 10 2024, Sunday @ 6.00 PM
Venue : MUNA Center of Jackson Heights
35-35,71st Street, Jackson Heights, NY 11372
Information
917-324-6811
347-968-8626
646-645-6904
আপনারা সকলে আমন্ত্রিত

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি



সৌদি আরবের ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা



ইন্ডিয়া মাল্টিপল / মেডিকেল ভিসা



১০ বছরের কানাডিয়ান মাল্টিপল ভিসা




USA 5 YEARS MULTIPLE TOURIST VISA

দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন








SCHENGEN TOURIST VISA

এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ

BANGLA TRAVELS JACKSON HEIGHTS, NEW YORK

BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

*Visa Issued by Consulate General

**NEW YORK OFFICE**
7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com

**DHAKA OFFICE**
NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net

# এ সপ্তাহের কবিতা





## প্রান্তের পিরামিড

ফকির ইলিয়াস

ঘরগুলো বেদখল হয়ে গেছে।
নদী নেই।নন্দন নেই। নৃতত্ত্ব নেই।
শূন্য হয়ে আছে মাঠ। পাঠের অভিজ্ঞান তুলে
কেউ বুনো নিচ্ছে নব্য হিস্যের দোকান!
কেউ কুড়োচ্ছে অন্ধকার!

যেখানে আমি দাঁড়িয়ে আছি, সেখানে
আকাশ অনেকটাই পঙ্গু। তৃণমালা ঘেরা
দুপুর কিংবা মৃত রোদমাখা বিকেল
দেখে কেউ আর ভীত হয় না!
কেউ জানতে চায় না, জীবন অতিক্রম করে
সূর্য, না কী সূর্যের তন্ম বুকে নিয়ে
কাল- মহাকাল পেরিয়ে যায় জলের গোলার্ধ।

উত্তানের গল্প আমি তোমাকে বহুবার বলেছি।
বলেছি উত্থানের আদি ইতিহাস।
বলেছি, কীভাবে যুদ্ধ জয় করতে হয়-
কীভাবে মানুষকে দাঁড়াতে হয়,অসাম্প্রদায়িক
সূর্যের কাতারে, প্রথম তেজ বুকে নিয়ে।
শুধু এটা বলতে পারি নি, চাঁদের শবদেহ
যেদিকে ভেসে যায়- তার নামই ভাটি।
আর তীক্ষ্ণ তরবারি দিয়ে আমরা প্রতিক্ষণ
যে সমুদ্রকে কেটে ছোট করতে চাই-
এর কয়েক পৃষ্ঠা জুড়েই থাকে
জীবনের প্রেমের গল্প। সেই গল্প
পড়ে পড়েই একদিন জীবন্ত হয়ে
ওঠে, অন্যপ্রান্তের অজানা পিরামিড।

লেখক: কবি, নিউইয়র্ক।



## কেউ কারো নয়

মনিজা রহমান

দুটি চোখ আমৃত্যু পাশাপাশি,
কিডনি ও ফুসফুসের মত
অথচ কেউ কারো নয়।
পাশাপাশি দুটি পাহাড়,
দুটি গাছ ও দুটি নক্ষত্র মুখোমুখি।
তবু কেউ কারো নয়।
দুটি রেল লাইন ও দুটি ল্যাম্প-পোস্ট সমান্তরাল
এবং পাশাপাশি বা মুখোমুখি।
দুটি মানুষ চব্বিশ/সাত
কিন্তু কেউ কারো নয়।

লেখক: কবি, নিউইয়র্ক।



## ছুটিদিনে খেলাঘরে

সুফিয়ান আহমদ চৌধুরী

ছুটিদিনে খেলাঘরে
ধিনতা ধিন ধিন,
আলো ভরা মন হাসে
মজার কী যে দিন।

খেলাঘরে খেলা নিয়ে
কতই খুশি মুখে,
সঙ্গী সাথী মিলেমিশে
করছে খেলা সুখে।


কচু নিয়ে বালু নিয়ে
হয় তো বেশ রান্না,
বউ সাজে টুকটুকে
লাজুক মেয়ে পান্না।

বর সাজে বাবু সাজে
মুচকি ওই হাসে,
বাঁশি বাজে হুঁ হুঁ
স্বপ্ন চোখে ভাসে।

পুষি ডাকে মিউ মিউ
দুলিয়ে লেজ খুশি,
ইঁদুরের পিছু দৌড়ে
খেলার ঘরে পুষি।

এইভাবে খেলাঘরে
ছুটির দিন যায়,
ছোটাছুটি খেলাঘরে
মনটা কী রাঙায়!

লেখক: কবি, নিউইয়র্ক।



## অনাহূত

জাফর ওবায়েদ

লোভঘোর লেগে, সংসারে, হেরে যাচ্ছে,
পথের সাফল্যসযেখানে পৌঁছেছি,
সেখানেও তাই অনাহূত আগন্তুক
আর, অনভিপ্রেত এ রূপান্তর-ছায়া,
আস্তে আস্তে আমাকেও
মূক ও বধিরের ভূমিকায় অবতীর্ণ করে।
মনে মনে, সদা, মৃত ঘোষণার পাঁয়তারা-ব্যস্ত নখ
গঙ্গাস্নানে কিংবা হজ্জব্রতেও, স্বর্গবাসী হয় কত লোক।

লেখক: কবি, নিউইয়র্ক।





## কথা নিয়ে যত কথা [১]

মশিউর রহমান রুবেল

বলে ফেলা কথা, যায় না ফেরানো
দুঃখের কথা, যায় না বুঝানো।

কিছু কথা দাগ কাটে মনে
সে কথা কয়জনেই বা জানে।

ক্ষমতাসীনরা কত কথা বলে
বেশির ভাগই যায় জলে।

নেতার কথা বৃষ্টির মতো ঝরে
অচিরে হারায়, অতল গহ্বরে।

বলবে না কথা যথা তথা
কথাই বাড়াবে ব্যথা।

কথা শুধু কথার কথা, বলতে হয়
সেইসব কথারও হয় যে জয়।

কথায় বাড়ে অভিমান
কথায় বাঁচায় প্রাণ।

কিছু কথা হয় একান্ত গোপনে
থেকে যায় হৃদয়ের গহিনে।

হয় না বলা কিছু কথা
সময় যায় যথা তথা।

ফেরানো যায় না কথা আর সময়
কথা রাখা ভদ্রতার পরিচয়।

লেখক: কবি, ঢাকা।





# The electorate vote is changing what means for Trump and Harris

Ajkal Desk

There's a reason Donald Trump and Kamala Harris are intensifying efforts to reach beyond their party's traditional supporters in the final weeks of this razor-thin campaign.

Extending a pattern that stretches back decades, White voters without a college degree, the cornerstone of the modern GOP coalition, have declined by a little more than 2 percentage points as a share of eligible voters since 2020, falling below 40% of the eligible voting pool for the first time ever, according a new analysis of the latest Census Bureau data by demographer William Frey shared exclusively with CNN.

